



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



নং- ৪৯.০২.০০০০০.০০৬.০১.০৭৭.২৬.৩১

তারিখ : ০২.০২.২০২৬

## দক্ষিণ কোরিয়ায় মৌসুমী কর্মী নিয়োগ সংক্রান্ত সাক্ষাৎকারের প্রাথমিক নির্বাচনের ৩য় পর্বের ফলাফল

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দক্ষিণ কোরিয়ায় পুরুষ ও নারী মৌসুমী কর্মী নিয়োগের লক্ষ্যে গত ৭ জানুয়ারি ২০২৬ তারিখ প্রকাশিত বিজ্ঞাপনের প্রেক্ষিতে কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার প্রার্থীদের গত ০৭ ও ১২ জানুয়ারি ২০২৬ তারিখ দুই ধাপে কোরিয়ার প্রতিনিধি কর্তৃক চাকরির সাক্ষাৎকারের মাধ্যমে ৩৯+২০+১৫ = ৭৪ জন প্রার্থীকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। উক্ত প্রার্থীদের মধ্যে স্বাস্থ্য পরীক্ষায় অনুত্তীর্ণ, বিজ্ঞাপনে প্রকাশিত চাকরির শর্তাবলী ভঙ্গ, দুই জন জামিনদার ৫ (পাঁচ) লক্ষ টাকা হারে একাউন্টপেয়ী চেক (MICR) নির্ধারিত সময়ে বোয়েসেলের অনুকূলে হস্তান্তর করতে ব্যর্থ হওয়ার কারণে নির্ধারিত সংখ্যক পূরণ না হওয়ায় গত ৬ জানুয়ারি ২০২৬ তারিখ চাকরির সাক্ষাৎকারের উপস্থিতি হওয়া প্রার্থী থেকে ধারাবাহিকভাবে যোগ্য নিম্নবর্ণিত আরও ৫ জন প্রার্থীকে প্রাথমিকভাবে নির্বাচিত করেছেন:

S/N	REF.	NAME	DOB	GENDER	DISTRICT	REMARKS
1	54	MOHAMMAD HASANUZZAMAN	01/01/1993	MALE	COMILLA	-
2	270	MD HBIBUR RAHMAN	02/12/1996	MALE	COMILLA	EPS
3	461	MUBARAK HOSSAIN	6/10/1989	MALE	KISHOREGONJ	EPS
4	462	REEPA AKTER	05/10/1987	Female	KISHOREGONJ	
5	604	JASMIN AKHTER	15/11/1991	Female	KISHOREGONJ	

দানজিৎ সিটির কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক নির্বাচিত প্রার্থীদের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্ষুদে বার্তার মাধ্যমে অবহিত করা হবে। নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত সার্ভিস চার্জ, প্রশিক্ষণ ফি, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের উপর ১৫% ভ্যাট, ভিসা ফি, কল্যাণ ফি ও বীমা সংক্রান্ত ব্যয়সহ মোট ব্যয় ৬০,৭০০ টাকা। অপরদিকে চাহিদা সংগ্রহের প্রসেসিং ফি বাবদ নির্ধারিত অর্থ পৃথকভাবে পে-অর্ডারে পরিশোধ করতে হবে এবং দক্ষিণ কোরিয়া গমন ও ফেরতের বিমান ভাড়া প্রার্থীকে বহন করতে হবে।

তাছাড়া নির্বাচিত প্রার্থী দক্ষিণ কোরিয়ায় কর্মকাল সম্পন্ন করে দেশে ফেরত আসবে মর্মে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রার্থীর দুই জন (মা/বাবা/ভাই/বোন/স্বামী/স্ত্রী বা নিকট আত্মীয় কোনো সরকারি চাকরিজীবী) জামিনদার হিসেবে স্বাক্ষর করবেন। উক্ত স্বাক্ষরকারী জামিনদার দুইজন প্রত্যেকে ৫ (পাঁচ) লক্ষ টাকা করে একাউন্টপেয়ী চেক (MICR) বোয়েসেলের অনুকূলে হস্তান্তর করতে হবে। প্রাপ্ত চেক ও স্ট্যাম্প অক্ষত অবস্থায় বোয়েসেলের নথিতে সংরক্ষণ থাকবে। স্বরণ করা যেতে পারে যে, এই চেক ও স্ট্যাম্প কেবলমাত্র নিয়োগদাতার অধীনে চাকরি না করার অপচেষ্টা এবং চাকরির মেয়াদ শেষে দেশে ফেরত না এসে কোরিয়াতে অবৈধ অবস্থানকারীর ক্ষেত্রে বিধি অনুযায়ী ব্যবহার করা হবে। স্বাভাবিক নিয়মে যথা চাকরির মেয়াদ শেষে কর্মী দেশে ফেরত আসলে অক্ষত অবস্থায় চেক ফেরত পাবে। উল্লেখ্য যে, চেক প্রদানকারী জামিনদারদের ব্যাংক হিসাবে নির্ধারিত অর্থ থাকা বাধ্যতামূলক নয়।

নির্বাচিত প্রার্থীদের সকল অর্থ পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে। নির্ধারিত সার্ভিস চার্জের বাহিরে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন অর্থ দাবী করলে নিশ্চিত প্রতারণা হিসেবে বিবেচিত হবে। তাই প্রতারণা থেকে সাবধান।

উল্লেখ্য যে, নির্বাচিত প্রার্থীদের মধ্যে থেকে কোনো প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় অনুত্তীর্ণ, বিজ্ঞাপনে প্রকাশিত চাকরির শর্তাবলী ভঙ্গ, দুই জন জামিনদার ৫ (পাঁচ) লক্ষ টাকা হারে একাউন্টপেয়ী চেক (MICR) নির্ধারিত সময়ে বোয়েসেলের অনুকূলে হস্তান্তর করতে ব্যর্থ হলে নির্ধারিত সংখ্যক পূরণের জন্য কোরিয়া থেকে যোগ্য প্রার্থীর তালিকা প্রাপ্তি সাপেক্ষে উক্ত তালিকা প্রকাশ করা হবে।

বি. দ্র.: দক্ষিণ কোরিয়া সরকারের অভিবাসন বিধি অনুযায়ী এখন পর্যন্ত বাংলাদেশ থেকে সরকারি প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের E8 ভিসা ক্যাটাগরীতে (মৌসুমী/সিজনাল) কর্মী কোরিয়ায় প্রেরণের কোনো সুযোগ নেই। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হলো।



বোয়েসেল কর্তৃপক্ষ

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২, ইন্টারন্যাশনাল গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)  
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭  
ই-মেইল : info@boesl.gov.bd  
ওয়েব : www.boesl.gov.bd